দৈনিক সংবাদ

তারিখ 11 JAN 1993
পৃষ্ঠা ৭ কলাম ৬

# শিক্ষকরা শিক্ষক হিসেবে আচরণ করলে শিক্ষাঙ্গনে শৃংখলা ফিরে আসতে পারে

## —শিক্ষামন্ত্রী

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি নেতৃবৃন্দ গতকাল রোববার শিক্ষা-মন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকারের সঙ্গে তার অফিসে এক বৈঠকে মিলিত হন। বৈঠকে শিক্ষক নেতৃবৃন্দ শিক্ষক ও লাইব্রেরীয়ানদের পদোন্নতি, পদোন্নতি ও পেনশনের ক্ষেত্রে ইফেকটিভ সার্ভিস গণনা করা, পদোন্নতির ক্ষেত্রে সকল বিষয়ের শিক্ষকদের সমান সুবিধা প্রদান এবং ওয়ারেন্ট অব প্রিসিডেন্স শিক্ষকদের অন্তর্ভুক্তকরণসহ. শিক্ষকদের বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আলোচনা করা হয়।

শিক্ষামন্ত্রী শিক্ষকদের বিভিন্ন সমস্যা ধৈর্যসহকারে শোনেন এবং তা সমাধানের পদক্ষেপগ্রহণের আশ্বাস দেন। তিনি বলেন, শিক্ষকগণ শিক্ষক হিসেবে আচরণ করলে শিক্ষাঙ্গনে শৃংখলা ফিরে আসতে পারে।

বৈঠকে অন্যান্যের মধ্যে শিক্ষা মন্ত্রণা-লয়ের যুগ্ম সচিব একরামুল্লাহ চৌধুরী, সমিতির সভাপতি অধ্যাপক মোজাফফর হোসেন, মহাসচিব হাসানুল বারী, সহ-সভাপতি অধ্যাপক মতিউর রহমান ও অধ্যাপক আঃ রউফ, সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান, যুগ্ম মহাসচিব অধ্যাপক খলিলুর রহমান, অধ্যাপক আঃ ছাত্তার, অধ্যাপিকা হাসনা হেনা, অধ্যাপিকা জিন্নাত আরা প্রমুখ উপস্থিত ছিলেন। খবর সরকারী তথ্য বিবরণীর।